

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
জাতীয় মহিলা সংস্থা

তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)  
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা  
[www.totthoapa.gov.bd](http://www.totthoapa.gov.bd)


স্মারক নং ৩২.০২.০০০০.২০৫.১০৮.১৯- ২৬৮

তারিখ: ২১ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ  
০৬ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

**বিষয়: অফিস চলাকালীন সময়ে সার্বক্ষণিক অফিশিয়াল স্কাইপি চালু রাখা সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াদীন জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন “তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন (২য় পর্যায়)” প্রকল্পের আওতায় ৪৯০ টি উপজেলায় তথ্যকেন্দ্র প্রতিষ্ঠা করা হয়েছে। এ প্রকল্পের মূল উদ্দেশ্য হল গ্রামীণ সুবিধা বঞ্চিত মহিলাদের তথ্য প্রযুক্তিতে প্রবেশাধিকার এবং তথ্য প্রযুক্তি ভিত্তিক সেবা প্রদানের মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন। বর্তমানে দেশের ৪৯০ টি উপজেলায় প্রকল্পের কাজ চলমান রয়েছে। প্রকল্পের প্রধান কার্যালয় হতে প্রত্যেক উপজেলা তথ্যকেন্দ্রের সাথে যোগাযোগের সুবিধার্থে অফিশিয়াল ইমেইল দিয়ে স্কাইপি একাউন্ট খোলার জন্য ইতোমধ্যে নির্দেশনা প্রদান করা হয়েছে এবং ৪৯০ উপজেলায় স্কাইপি একাউন্ট খোলা হয়েছে। স্কাইপিতে কথা বলার জন্য ১ টি হেডফোন এবং ১ টি ওয়েবক্যাম (ডেস্কটপ কম্পিউটারের জন্য) ক্রয়ের নিমিত্ত প্রয়োজনীয় আর্থিক বরাদ্দ শীঘ্রই প্রেরণ করা হবে।

এমতাবস্থায় দাপ্তরিক কাজের সুবিধার্থে প্রতিটি তথ্যকেন্দ্রে অফিস চলাকালীন সময়ে অফিশিয়াল স্কাইপি একাউন্ট চালু রাখার জন্য অনুরোধ করা হল। উল্লেখ্য যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, জাতীয় মহিলা সংস্থা এবং তথ্য আপা প্রকল্পের কর্মকর্তাগণ অফিস চলাকালীন সময়ে স্কাইপিতে যোগাযোগ করবেন।

  
(মীনা হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ৮৩৩২১৩৬

ইমেইল: [pd@totthoapa.gov.bd](mailto:pd@totthoapa.gov.bd)

তথ্যসেবা কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত তথ্যসেবা কর্মকর্তা (সকল)

তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়)

উপজেলা-----, জেলা-----।

অনুলিপি (জ্ঞাতার্থে) :

০১। উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা)

০২। চেয়ারম্যান, উপজেলা শাখা, জাতীয় মহিলা সংস্থা (সংশ্লিষ্ট উপজেলা)।

০৩। তথ্যসেবা সহকারী (সকল), তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়)

০৪। অফিস কপি